গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৫.১৬.০০২.২০-৫৮

তারিখ: ১০ চৈত্র ১৪২৬ / ২৪ মার্চ ২০২০

বিষয়ঃ 'অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দের জন্য বীর মুক্তিযোদ্ধাদের সুপারিশকৃত তালিকা প্রেরণের পরিবর্তিত সময়সূচি।

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৫.১৬.০০২.২০-৩৪, তারিখ: ২৫-০২-২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত 'অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বাসভবন নির্মাণের নিমিত্ত উল্লিখিত সূত্রে আবেদন গ্রহণ, তালিকা চূড়ান্তকরণ ও সুপারিশ প্রেরণ সংক্রান্ত সময়সূচি উল্লেখ পূর্বক পত্র প্রেরণ করা হয়।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবসহ সার্বিক পরিস্থিতি বিবেচনায় সুপারিশকৃত আবাসন বরাদ্দ প্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের তালিকা পরিবর্তিত সময়সূচি অনুযায়ী আগামী ১৮ মে ২০২০ খ্রি: তারিখের মধ্যে সুপারিশসহ জেলা প্রশাসকের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

28/03/2020
(ড. সৈয়দ শাহজাহান আহমেদ)
উপসচিব
ফোন: ৯৫১১১৮৮

সংযুক্তি:
(১) আবেদন গ্রহণ, তালিকা চূড়ান্তকরণ ও সুপারিশ প্রেরণ সংক্রান্ত পরিবর্তিত সময়সূচি।

বিতরণ:
উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।

অনুলিপি
(ক) কার্যার্থে:
১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, (সকল)।

(খ) অবগতির জন্য:
১। মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২। উপপ্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব এর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/গার্ড ফাইল।

'অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দের জন্য বীর মুক্তিযোদ্ধাদের আবেদন গ্রহণ, বরাদ্দ তালিকা চূড়ান্তকরণ ও সুপারিশ প্রেরণ সংক্রান্ত পরিবর্তিত সময়সূচি

উপজেলা পর্যায়

ক. আবেদন গ্রহণ	০১ মার্চ হতে ১৬ এপ্রিল ২০২০খ্রি:
খ. আবেদন বাছাই ও তালিকা প্রণয়ন	৩০ এপ্রিল ২০২০খ্রি: তারিখের মধ্যে
গ. সুপারিশসহ বরাদ্দ তালিকা প্রকাশ ও প্রচার (উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন)	০৫ মে ২০২০খ্রি:

জেলা পর্যায় (আপিল)

ক. আপিল গ্রহণ	০৭ মে ২০২০খ্রি: হতে ১৭ মে ২০২০ খ্রি: পর্যন্ত
খ. আপিল নিষ্পত্তি ও তালিকা প্রকাশ	১৬ জুন ২০২০খ্রি: তারিখের মধ্যে

বিভাগ পর্যায় (আপিল)

ক. আপিল গ্রহণ	০৭ জুলাই ২০২০ খ্রি: তারিখ পর্যন্ত
খ. আপিল নিষ্পত্তি ও সুপারিশ জেলা প্রশাসকের নিকট প্রেরণ	০৬ আগস্ট ২০২০ খ্রি: তারিখের মধ্যে

28/07/2020

(ড. সৈয়দ শাহজাহান আহমেদ)
উপসচিব
ফোন: ৯৫১১১৮৮